শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
পরিবীক্ষণ-২ শাখা
**www.bcct.gov.bd**

বিষয়: ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র. নং | ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব |
| ১ | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে টেকসই ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থা স্থাপন। | কাজটি বাস্তবায়ন করা হলে ট্রাস্টের নিরাপত্তা ব্যবস্থা আরো আধিক শক্তিশালী হবে। চুরি হওয়া রোধ করা যাবে। অনাকাঙ্খিত লোকের প্রবেশ বন্ধ হবে, ফলশ্রুতিতে কাজের সুষ্ঠু পরিবেশ নিশ্চিত হবে এবং নির্বিঘ্ন সেবা প্রদান সম্ভব হবে। | কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | http://www.bcct.gov.bd/sites/default/files/files/bcct.portal.gov.bd/files/5604db3a_4e0a_4703_a7d8_30400254802d/2021-02-01-15-33-04f30d6ca97529bbd49ad3f22c7ba754.pdf | |
| ২ | বিসিসিটি কর্মকর্তা/কর্মচারীগণের জন্য Personal Management Informations System (PMIS) প্রণয়ন | বিসিসিটির কর্মকর্তা/কর্মচারীগণের ব্যক্তিগত ও পারিবারিক তথ্য প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ, ট্রেনিংসহ অন্যান্য বিষয়ে তথ্য সংগ্রহ করা সম্ভব হবে। সুনির্দিস্টভাবে সন্নিবেশ করা সম্ভব হবে। | কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | https://bcct.doeleservices.com | |
| ৩ | অনলাইন সফটওয়্যারের মাধ্যমে প্রকল্প প্রস্তাব দাখিলকরণ। | কাজটি বাস্তবায়ন করা হলে প্রকল্প সাবমিশনের ক্ষেত্রে সময় অনেক কম লাগবে। নির্ভুলভাবে প্রকল্প প্রস্তাব ফরম্যাট অনুযায়ী দাখিল করা যাবে। প্রকল্প পরিচালকসহ স্টেকহোল্ডারদের ভোগান্তি অনেকাংশে লাঘব হবে। ফলশ্রুতিতে কাজের সুষ্ঠু পরিবেশ নিশ্চিত হবে এবং নির্বিঘ্ন সেবা প্রদান সম্ভব হবে। এতে সময়, অর্থ ও পরিদর্শন কম প্রয়োজন হবে। | কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | https://ims.cegisbd.com/bcct/ProjectProposalFormat/Create | |
| ৪ | প্রকল্প পরিচালকদের সুবিধার্থে Monthly Progress Report অনলাইনে প্রেরণ। | কাজটি বাস্তবায়ন করা হলে Monthly Progress Report সাবমিশনের ক্ষেত্রে সময় অনেক কম লাগবে। প্রকল্প পরিচালকদের ভোগান্তি লাঘব হবে। সময়মতো প্রকল্পের অগ্রগতি জানা যাবে এবং নির্বিঘ্ন সেবা প্রদান সম্ভব হবে। এতে সময়, অর্থ ও পরিদর্শন কম প্রয়োজন হবে। | কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | https://ims.cegisbd.com/bcct/Account/Login?ReturnUrl=%2Fbcct%2FMonitoringFormForPD | |
| ৫ | প্রকল্প পরিচালকদের সুবিধার্থে TR-21 বিল ফরম অনলাইনে প্রেরণ। | কাজটি বাস্তবায়ন করা হলে TR-21 বিল ফরম সাবমিশনের ক্ষেত্রে সময় অনেক কম লাগবে। প্রকল্প পরিচালকদের সরাসরি কার্যালয়ে আসতে হবে না। এতে দাতের ভোগান্তি অনেকাংশে লাঘব হবে। সময়মতো প্রকল্পের অনুকূলে অর্থছাড় করা সম্বব হবে। এবং নির্বিঘ্ন সেবা প্রদান সম্ভব হবে। এতে সময়, অর্থ ও পরিদর্শন কম প্রয়োজন হবে। | কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | https://ims.cegisbd.com/bcct/Account/Login?ReturnUrl=%2Fbcct%2Fbuy DistributionServiceBill | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬ | জলবায়ু ট্রাস্ট ফান্ড কর্তৃক অনুমোদিত প্রকল্পসমূহের যাবতীয় তথ্য সমৃদ্ধ অনলাইন ডাটাবেজ তৈরীকরণ” | বর্তমানে প্রকল্পের যাবতীয় তথ্য ম্যানুয়েলী সংগ্রহ করা হয়। এক্ষেত্রে তথ্য প্রদানে অনেক কালক্ষেপন হয়। এছাড়াও প্রকল্প পরিচালক হতে প্রকল্পের মাসিক ও ত্রৈমাসিক অগগতি প্রতিবেদন সময়মত না পাওয়ায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিও জানা যায় না। তাছাড়া কিছু কিছু প্রকল্প দূর্গম এলাকায় অবস্থিত হওয়ায় ও জনবল স্বল্পতার কারনে সঠিক সময়ে সরেজমিনে প্রকল্প পরিদর্শন করাও সম্ভব হয়না। এছাড়াও প্রকল্পের যাবতীয় তথ্য সুবিন্যস্তভাবে না থাকায় কেবিনেট, সংসদ ও মন্ত্রনালয়ে বিভিন্ন তথ্য প্রদানে কালক্ষেপণ হয়। উপরন্তু বিভিন্ন সভায় প্রকল্পের সার সংক্ষেপ তৈরী করাও অনেক কষ্টসাধ্য হয়ে পড়ে। এতে কাঙ্ক্ষিত সেবাটি পেতে অনেক সময় লেগে যায়।<br><br>এ ক্ষেত্রে প্রস্তাবিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণা “প্রকল্পের কার্যক্রম বিষয়ে ডিজিটাল ডাটাবেজ তৈরী” করা হলে কাজ করতে অনেক সুবিধা হবে। এ লক্ষ্যে একটি Online Database তৈরী করা হবে। এর ফলে প্রকল্প সংক্রান্ত যাবতীয় তথ্য উক্ত ডাটাবেজে সংরক্ষিত থাকবে এবং প্রকল্পের যাবতীয় তথ্যাদি সুবিন্যস্ত আকারে থাকবে। । প্রকল্প পরিচালক হতে প্রাপ্ত মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে পাওয়া সহজ হবে। ফলে প্রকল্পের আর্থিক ও ভৌত অগ্রগতির তথ্য সহজে জানা সম্ভব হবে। উপরন্তু কেবিনেট, সংসদ ও মন্ত্রনালয়ের বিভিন্ন চাহিত তথ্যাদি দ্রুততার সাথে সরবরাহ করা সম্ভব হবে। এছাড়াও প্রকল্পের কার্যক্রম চলাকালীন ভিডিও ও স্থির ছবি ডাটাবেজে আপলোডের সুযোগ থাকবে। তাতে ডিজিটাল পদ্ধতিতে মনিটরিং ব্যবস্থা অধিকতর ফলপ্রসু হবে। উক্ত কাজ বাস্তবায়িত হলে প্রকল্প বাস্তবায়নে গুনগুত মান বৃদ্ধি পাবে, খরচ, যাতায়াত ও সময় অধিক সাশ্রয় হবে। | কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | https:l 1202.53. I 73. 1 85 /bcctlProj ectProposal Format/Edit/1 | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭ | "Inventory Management System Simplification" | বর্তমানে অফিসের কাজের জন্য ক্রয়কৃত মালামাল, সরবরাহকৃত মালামাল ও অবশিষ্ট মালামালের হিসাব ম্যানুয়েলী সংরক্ষণ করা হয়। কর্মকর্তা-কর্মচারীদের অফিসের কাজের জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি দ্রুত সরবরাহ করতে অনেক সময় লেগে যায়। এছাড়াও ম্যানুয়েলী হওয়ায় উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক চাহিত তথ্যাদি প্রদানে অনেক কালক্ষেপন হয়।<br><br>এ ক্ষেত্রে প্রস্তাবিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণা কাজটি বাস্তবায়ন করা হলে ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের অফিসের কাজের জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি দ্রুত সরবরাহ করা যাবে। তাছাড়া, অফিস কর্তৃক ক্রয়কৃত সমস্ত মালামাল অনলাইনে রেকর্ডভূক্ত থাকবে। ক্রয়কৃত মালামাল ও সরবরাহকৃত মালঅমাল, ও অবশিষ্ট মালামালের হিসাব সুবিন্যস্ত থাকবে। এতে করে যে কোন সময় উর্দ্বতন কর্তৃপক্ষ কর্তৃক চাহিত তথ্যাদি তথ্যাদি প্রদানে অনেক কম সময় লাগবে।<br><br>উক্ত কাজ বাস্তবায়িত হলে কাজের গুনগুত মান বৃদ্ধি পাবে, খরচ, যাতায়াত ও সময় অধিক সাশ্রয় হবে। | কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | http://119.148.59.122/bcct/ | |

মোঃ মোস্তফা রায়হান
সহকারী পরিচালক (পরিবীক্ষণ-২)
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়